

কেরোসিন (অণুগল্প)

-রণদীপম বসু

অফিস থেকে বাসায় ফিরেই আক্লাছ সাহেবের আকস্মিক ঘোষণা, এখন থেকে সব বাজেট অর্ধেক ! স্ত্রী সালেহা কেরোসিনের সেটাভটা মুছতে মুছতে তার সহজাত নির্বিকার মুখে চেয়ে থাকে । ততদিনে চালের কেজি বিশ টাকা থেকে খুব দ্রুতই চল্লিশে উঠে গেছে । তার সাথে সব কিছুই উড়তে শুরু করেছে । সয়াবিন পঁয়তাল্লিশ থেকে একশ ছাড়িয়ে আর কেরোসিন... । মফস্বলের নিম্নমান সহকারি ব্যাংকার আক্লাছ সাহেবের উম্মা ঝরে পড়ে নিরীহ স্ত্রীর উপর- বেতন একটাকাও বাড়ে নাই, আমি কি টাকা পয়দা করবো নাকি !

খেতে বসে সালোনের ফ্যাকাসে কালার দেখেও আজ আর তোয়াক্কা করলেন না । ভাতের লোকমা মুখে দিতেই ওয়াক করে বেরিয়ে আসতে চাইলো । নতুন করে বিশ্বাদের মুখোমুখি হয়েছেন বলে কি ? না । ওগুলো ভাত নয়, অর্ধেক চাল, না কি অর্ধেক ভাত ! রক্ত উঠে গেছে মাথায় ।

রান্নাঘরে সহজাত নির্বিকার মুখের স্ত্রী তখন স্টোভের ঢাকনা খুলে কেরোসিনের উচ্চতা মাপছে ।

(২৪/০৫/২০০৮)